

বাংলাদেশ সুপ্রীম কোর্ট

হাইকোর্ট বিভাগ, ঢাকা

(বিচার শাখা)

www.supremecourt.gov.bd



বিজ্ঞপ্তি নং- ১১/২০২১

জে,

তারিখ : ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: দেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে কারাগার হতে হাজতী আসামিদের আদালত কক্ষে হাজির না করা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, করোনাভাইরাস (কোভিড-১৯) জনিত উত্তৃত পরিস্থিতিতে জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে কারাগার হতে হাজতী আসামিদের আদালতে হাজির করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। বর্ণিতাবস্থায়, জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে হাজতী আসামিদের কারাগার হতে প্রিজনভ্যান বা অন্য কোনভাবে আদালত কক্ষে হাজির না করে কারাগারে রেখে জামিন শুনানী করতে হবে। অন্যান্য ক্ষেত্রে প্রয়োজনে মামলার কার্যক্রম মূলতবি করতে হবে।

০২। এমতাবস্থায়, পরবর্তী নির্দেশনা না দেওয়া পর্যন্ত দেশের অধস্তন আদালত ও ট্রাইব্যুনালে জামিন শুনানীকালে এবং মামলার অন্যান্য কার্যক্রমে হাজতী আসামিদের কারাগার হতে প্রিজনভ্যান বা অন্য কোনভাবে আদালত কক্ষে হাজির না করার নির্দেশ প্রদান করা হলো।

০৩। উল্লেখ্য, হাজতী আসামীর রিমান্ড শুনানীর ক্ষেত্রে সংশ্লিষ্ট কারাগারে ভিডিও কনফারেন্সের লিংক প্রেরণ করে শুনানী গ্রহণকারী ম্যাজিস্ট্রেট আসামীকে কারাগার কর্তৃপক্ষের সহযোগিতায় ভার্চুয়াল দেখে রিমান্ড শুনানী করতে পারবেন।

০৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত বলবৎ থাকবে।

বাংলাদেশের প্রধান বিচারপতির আদেশক্রমে

ঋঃ/-

(মোঃ গোলাম রহমানী)

রেজিস্ট্রার

হাইকোর্ট বিভাগ

ফোনঃ ৯৫১৪৬৪৬

E-mail: registrar_hcd@supremecourt.gov.bd.

স্মারক নং- ২৪৫৬

জে,

তারিখঃ ২৯ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
১২ এপ্রিল ২০২১ খ্রিস্টাব্দ

কার্যার্থ ও জ্ঞাতার্থে বিতরণ (জ্যোষ্ঠতার ক্রমানুসার নয়):-

১. সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
৩. রেজিস্ট্রার, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
৪. জেলা জজ/মহানগর দায়রা জজ, (সকল) (অধীনস্ত বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৫. বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, (সকল)।
৬. কারা মহাপরিদর্শক, ৩০/৩, উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
৭. পুলিশ কমিশনার, (সকল)।
৮. চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট/চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, (সকল) (অধীনস্ত বিচারকগণকে অবগত করার অনুরোধ করা হলো)।
৯. সভাপতি/সেক্রেটারী, জেলা আইনজীবী সমিতি, (সকল)।
১০. জেল সুপার, (সকল)।
১১. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, হাইকোর্ট বিভাগ, ঢাকা (বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রচারের অনুরোধ সহ)।
১২. রেজিস্ট্রার জেনারেলের একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
১৩. প্রধান বিচারপতির সচিব/প্রধান বিচারপতির একান্ত সচিব, বাংলাদেশ সুপ্রীম কোর্ট হাইকোর্ট বিভাগ/আপীল বিভাগ, ঢাকা।
১৪. নোটিশ বোর্ড

(মোঃ মিজানুর রহমান)
সহকারী রেজিস্ট্রার (বিচার) (ভারপ্রাপ্ত)
ফোনঃ ৯৫৬১৯৩২।

১২.০৪.২০২১